

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



মিডল্ ও হাই স্কুল এনরোলমেন্ট বা তালিকাভুক্তির হালনাগাদ তথ্য

প্রিয় পরিবারবর্গ ও কর্মীবৃন্দ,

অক্টোবর প্রায় চলে এসেছে, যার অর্থ হলো [মিডল্ এবং হাই স্কুলে ভর্তির আবেদন](#) উন্মুক্ত হতে যাচ্ছে (হাই স্কুলে ভর্তির আবেদন শুরু হবে 1 অক্টোবরে, এরপর মিডল্ স্কুলে ভর্তির আবেদন 9 অক্টোবরে)। এটি শিক্ষার্থী ও পরিবারদের জন্য একটি উদ্দীপনাপূর্ণ সময় কেননা তারা তাদের পছন্দগুলো বিবেচনা করে। দেশের বৃহত্তম স্কুল সিস্টেম হিসেবে, আমি গর্বিত যে আমরা বিপুল সংখ্যক শিক্ষাগত সুযোগ প্রদান করি, এবং আমি সত্যিকারভাবে বিশ্বাস করি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS)-এ প্রত্যেকের জন্য কিছু না কিছু রয়েছে।

এই সপ্তাহে, আমরা প্রত্যেক পরিবারকে তাদের সন্তানের ভবিষ্যতের জন্য সবচেয়ে ভালো সিদ্ধান্তগুলো নিতে সাহায্য করার জন্য কিছু পরিবর্তন ও উন্নতিসাধনের ঘোষণা দিয়েছি।

প্রথমে, এই ফলে (হেমন্তে) [মাইস্কুলস্](#)-এ আমরা একটি নতুন বৈশিষ্ট শুরু করতে যাচ্ছি যা আমাদের উদীয়মান হাই স্কুল শিক্ষার্থীদেরকে আবেদনকারীর ভর্তি সম্পর্কিত বৈশিষ্টসমূহ যেমন তাদের রিপোর্ট কার্ডের গ্রেড, অবস্থান, এবং অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপের ভিত্তিতে যেকোনো বিশেষ প্রোগ্রাম-এ তাদের একটি অফার পাওয়ার সম্ভাবনাকে আরো ভালো করে বুঝতে সাহায্য করবে। এই তথ্যের সাথে সাথে কীভাবে তাদের এনরোলমেন্ট বা

তালিকাভুক্তির পছন্দগুলোকে ক্রমিক ধারায় সাজাতে হবে এবং একটি ভারসাম্যপূর্ণ আবেদন তৈরি করতে হবে সে সম্পর্কে পরিবারেরা আরো সজ্ঞাত সিদ্ধান্ত নিতে পারেন।

এছাড়া, এই বছর শিক্ষার্থী ও পরিবারেরা বেছেন নেওয়ার জন্য মিডল্ স্কুল তালিকা থেকে বেশি স্কুল বেছে নিতে পারবে, কেননা এখন তারা সিটি জুড়ে যেকোনো মিডল্ স্কুলে আবেদন করতে সক্ষম হবে। যদিও স্কুলগুলো তাদের হোম (বাড়ির) জোন এবং/অথবা ডিস্ট্রিক্টের জন্য তাদের অগ্রাধিকার বজায় রাখবে, লভ্য আসনসহ স্কুলগুলো এখন ডিস্ট্রিক্টের বাইরের শিক্ষার্থীদেরকেও গ্রহণ করতে সক্ষম হবে।

এবং সবশেষে, সর্বোচ্চ 12টি থেকে বাড়িয়ে, শিক্ষার্থীদেরকে পছন্দ অনুযায়ী যে কোনো সংখ্যক প্রোগ্রাম তালিকাভুক্ত করার অনুমতি দিয়ে আমরা সব ভর্তির আবেদন হালনাগাদ করছি। এটা পরিবারদেরকে এমনকি আরো বড় সুযোগ দেয় একটি ম্যাচ (মিলে যাওয়া) খোঁজার জন্য যা তাদের সন্তানের জন্য সঠিক মানানসই।

শেষ পর্যন্ত, এসব পরিবর্তন হলো আমাদের দেওয়ার মতো যেসব সব চমৎকার এবং উদ্ভাবনাময় শিক্ষাগত সুযোগ রয়েছে, সেগুলোতে প্রবেশাধিকার সম্প্রসারণ করা। আমাদের ডুয়েল ল্যাঙ্গুয়েজ (দ্বৈত ভাষা) ক্লাস থেকে আমাদের ক্যারিয়ার অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন হাই স্কুল পর্যন্ত, আর্টস প্রোগ্রাম থেকে STEM প্রোগ্রাম এবং আরো অনেক বেশি কিছু পর্যন্ত, আমি সত্যিকারভাবেই বিশ্বাস করি, যেমনটি আমি এই নিউজলেটারের শুরুতেই বলেছি যে, NYCPS-এ প্রত্যেকের জন্যই কিছু না কিছু রয়েছে।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যাম্পেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। এবং আপনার ভাষা বেছে নিন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে [অনুগ্রহ করে আনসাবস্ক্রাইব](#) করুন।